গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
উপজেলা সমাজসেবা কার্যালয়, নান্দাইল, ময়মনসিংহ
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
dss.nandailmymensngh.gov.bd

**স্মারক নম্বর:** ৪১.০১.৬১৭২.০০০.২৩.০০২.২৩.১০৩

তারিখ: ৭ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
২২ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: **পল্লী সমাজসেবা(আরএসএস) , আরএমসি এবং দগ্ধ ও প্রতিবন্ধি ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রমে অবিনিয়োগকৃত অর্থ বিনিয়োগ, অনাদায়ী অর্থ আদায় এবং ব্যাংকে গচ্ছিত অর্থ পুন:বিনিয়োগকরণের অগ্রগতি প্রতিবেদন প্রেরণ ।**

সূত্র: ০১। স্মারক নম্বর:-৪১.০১.০০০০.০৪২.১৬.০৩৫.২৩.১৪৬; তারিখ:১৫ আগস্ট ২০২৩, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা ।
০২। স্মারক নম্বর:৪১.০১.৬১০০.০০০.১৬.০০৬.১৯.১৩১; তারিখ:১০অক্টোবর ২০২৩, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা সমাজসেবা কার্যালয়, নান্দাইল, ময়মনসিংহের পল্লী সমাজসেবা(আরএসএস) কার্যক্রম, পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম এবং দগ্ধ ও প্রতিবন্ধী পুনর্বাসন কার্যক্রমের সকল ক্ষুদ্রঋণের আর্থিক হিসাবের সঠিকতা যাচাই ও অভ্যন্তরীণ নিরীক্ষা গত ২৫/০৭/২০২৩ তারিখে সদর দপ্তরে অনুষ্ঠিত হয় । সঠিকতা যাচাই এবং নিরীক্ষান্তে মেন্টর/সহকারী মেন্টর মহোদয়গণের পর্যবেক্ষণের ভিত্তিতে উপর্যুক্ত স্মারকে বর্ণিত পত্রে অবিনিয়োগকৃত অর্থ ৳৫০,০০০ বিনিয়োগ, অনাদায়ী অর্থ ৳৮০, ৮২,৩৭৬ আদায়, ব্যাংকে গচ্ছিত অর্থ ৳৬৪, ৪০,৯৯৬ পুন:বিনিয়োগ, অর্জিত নীট সুদ ৳৯, ৩৪,৩৭৮ নীতিমালানুযায়ী ব্যবহার নিশ্চিতকরণ এবং দলীয় সঞ্চয় আদায়ে যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক ৫/১০/২০২৩ তারিখের মধ্যে অবহিতকরণের জন্য নির্দেশনা প্রদান করা হয় ।

০২। উপর্যুক্ত দুটি সূত্রে বর্ণিত পত্রের নির্দেশনা মোতাবেক উপজেলা সমাজসেবা কার্যালয়, নান্দাইল, ময়মনসিংহে পল্লী সমাজসেবা(আরএসএস) কার্যক্রম, পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম এবং দগ্ধ ও প্রতিবন্ধী পুনর্বাসন কার্যক্রমের সকল ক্ষুদ্রঋণের আর্থিক হিসাবের সঠিকতা যাচাই ও অভ্যন্তরীণ নিরীক্ষার প্রেক্ষিতে করণীয় বিষয়ে যেসব পদক্ষেপ গ্রহণ করা হয়েছে মহোদয়ের সদয় অবগতির জন্য তা নিম্নে উপস্থাপন করা হলো-

ক) বিনিয়োগ, পুন:বিনিয়োগ ও সার্ভিস চার্জ বিনিয়োগ, পুন:বিনিয়োগে অনাদায়ী অর্থ ৳৮০, ৮২,৩৭৬ এর মধ্যে ইতোমধ্যে ৳৮, ১০,০০০ আদায় করা হয়েছে এবং অবশিষ্ট অনাদায়ী অর্থ আদায়ে প্রকল্পগ্রাম ভিত্তিক তালিকা প্রস্তুত করে নিয়মিত মাঠ পরিদর্শন করা হচ্ছে । আদায়কৃত অর্থ পুন:বিনিয়োগের জন্য নীতিমালানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ।

খ) ব্যাংকে গচ্ছিত অর্থ ৳৬৪, ৪০,৯৯৬ এর মধ্যে পুন:বিনিয়োগযোগ্য অর্থাৎ প্রকল্পগ্রামে বিনিয়োগকৃত অর্থের ৮০% বা তদূর্ধ্ব আদায়কৃত অর্থ ৳১০, ০৮,৬০৫ নীতিমালানুযায়ী পুন:বিনিয়োগের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ।

গ) অবিনিয়োগকৃত অর্থ ৳৫০,০০০ ইতোমধ্যে নীতিমালানুযায়ী বিনিয়োগ করা হয়েছে । শুরু হতে অদ্যাবধি সদর দপ্তর হতে প্রাপ্ত বরাদ্দকৃত অর্থ ক্যাশবহিতে লিপিবদ্ধ করা হয়েছে এবং ২২ কলাম অনুযায়ী আর্থিক হিসাবের সঠিকতা যাচাই করা হয়েছে । মাসিক অগ্রগতি প্রতিবেদন সঠিকভাবে প্রস্তুতকরত: প্রেরণ করা হচ্ছে ।

ঘ) পিআইসি সভার রেজুলেশন, রেজিস্টার এবং ঋণ বিতরণ রেজিস্টার যথাযথভাবে লিপিবদ্ধ ও সংরক্ষণ করা হচ্ছে । কিস্তি আদায় রেজিস্টার যথাযথভাবে লিপিবদ্ধ ও সংরক্ষণে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ।

ঙ) পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন নীতিমালানুযায়ী কার্যক্রমভুক্ত সকল গ্রামের ব্যাংকে গচ্ছিত ঘূর্ণায়মান তহবিল হতে অর্জিত ব্যাংক সুদ ৳৯, ৩৪,৩৭৮"কেন্দ্রীয় ব্যাংক সুদ ব্যবহার" শীর্ষক সঞ্চয়ী হিসেবে স্থানান্তরের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । অর্জিত ব্যাংক সুদ "কেন্দ্রীয় ব্যাংক সুদ ব্যবহার" শীর্ষক সঞ্চয়ী হিসেবে স্থানান্তরকরত: ৫০% অর্থ ঘূর্ণায়মান তহবিল হিসেবে বিনিয়োগ এবং ২৫% অর্থ সদর দপ্তরে প্রেরণ ডিসেম্বর ২০২৩ এর মধ্যে সম্পন্ন করা হবে । নীতিমালানুযায়ী প্রতি বৎসর জুলাই মাসে কার্যক্রমভুক্ত গ্রামের সংশ্লিষ্ট ব্যাংক হিসেব হতে প্রাপ্ত নীট ব্যাংক সুদ "কেন্দ্রীয় ব্যাংক সুদ ব্যবহার" হিসেবে স্থানান্তরকরত: ক্যাশ বহিতে লিপিবদ্ধ ও সংরক্ষণে

ইতোমধ্যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

চ) নীতিমালানুযায়ী নিয়মিত দলের সদস্যদের নিকট হতে দলীয় সঞ্চয় আদায় এবং এ সংশ্লিষ্ট অন্যান্য বিধি অনুস্মরণে ইতোমধ্যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

০৩। ১৩টি ইউনিয়ন ও একটি পৌরসভা নিয়ে গঠিত উপজেলাটি ময়মনসিংহ বিভাগে বৃহত্তর একটি উপজেলা যেখানে পল্লী সমাজসেবা(আরএসএস) কার্যক্রম, পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম এবং দগ্ধ ও প্রতিবন্ধী পুনর্বাসন কার্যক্রম খাতে বিনিয়োগকৃত অর্থ ৬১,৭৮,৫০,৮৮৭ এবং পুন:বিনিয়োগকৃত অর্থ ৬১, ৯১,২০,৬৬০। কিন্তু বিশাল এই অঙ্কের ক্ষুদ্রঋণ কার্যক্রম বাস্তবায়নে কেবল ২(দুই) জন ইউনিয়ন সমাজকর্মীকে নিয়ে সুষ্ঠু, সুন্দর ও সুচারুভাবে সুসম্পন্নকরা খুবই কঠিন। জনবল সংকট, অপ্রতুল আনুষঙ্গিক বরাদ্দ এবং অন্যান্য সমস্যাদি থাকার পরও প্রকল্পগ্রাম ভিত্তিক সুনির্দিষ্ট পরিকল্পনা প্রণয়ন করে নিয়মিত মাঠ পরিদর্শন, নিবিড় পর্যবেক্ষণ এবং সমন্বয় সাধন করে মহোদয়ের নির্দেশনা সুষ্ঠু, সুন্দর ও সুচারুভাবে বাস্তবায়নের জন্য প্রচেষ্টা অব্যাহত রয়েছে। মহোদয়ের নিকট প্রতিশ্রুতি দিচ্ছি যে, অবশিষ্ট অনাদায়ী অর্থ দ্রুততম সময়ের মধ্যে আদায় করে নীতিমালানুযায়ী তা পুন:বিনিয়োগ নিশ্চিত করা হবে। ব্যাংকে গচ্ছিত অর্থের পুন:বিনিয়োগযোগ্য অর্থ পুন:বিনিয়োগ এবং অর্জিত নীট সুদ নীতিমালানুযায়ী ব্যবহার ডিসেম্বর ২০২৩ এর মধ্যে সম্পন্ন করা হবে। একইসাথে অন্যান্য নির্দেশনা ও অনুশাসন যথাসময়ে প্রতিপালিত হবে।

পত্রের নির্দেশনা মোতাবেক পল্লী সমাজসেবা(আরএসএস) কার্যক্রম, পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম এবং দগ্ধ ও প্রতিবন্ধী পুনর্বাসন কার্যক্রমের সকল ক্ষুদ্রঋণের আর্থিক হিসেবের সঠিকতা যাচাই ও অভ্যন্তরীণ নিরীক্ষার প্রেক্ষিতে করণীয় বা গৃহীত পদক্ষেপের বিষয়ে মহোদয়কে যথাসময়ে অবহিত না করা এবং অন্যান্য নির্দেশনার যে টুকু বাস্তাবয়িত হয়নি তা ক্ষমাসুন্দর দৃষ্টিতে মার্জনার সদয় বিবেচনাকরত: উপর্যুক্ত বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ করছি।

২২-১১-২০২৩
ইনসান আলী
উপজেলা সমাজসেবা অফিসার

উপ পরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ।

**স্মারক নম্বর:** ৪১.০১.৬১৭২.০০০.২৩.০০২.২৩.১০৩/১ (৮)

তারিখ: ৭ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
২২ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক, প্রতিষ্ঠান অধিশাখা, সমাজসেবা অধিদফতর;
২। পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ময়মনসিংহ;
৩। অতিরিক্ত পরিচালক, কার্যক্রম-১ অধিশাখা, সমাজসেবা অধিদফতর;
৪। অতিরিক্ত পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ময়মনসিংহ;
৫। উপপরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ময়মনসিংহ;
৬। সহকারী পরিচালক, প্রশাসন, অর্থ ও প্রতিষ্ঠান শাখা, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ;
৭। সহকারী পরিচালক, কার্যক্রম ও সামাজিক নিরাপত্তা শাখা, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ এবং
৮। অফিস কপি, সংশ্লিষ্ট নথি, ।

২২-১১-২০২৩
ইনসান আলী
উপজেলা সমাজসেবা অফিসার